

কিছুতে কাটেনা জীবন

যাবে বলেই কি এসেছিলে –
অকালে ফোঁটালে কি তাই বসন্তের ফুল
সারা জীবনের গান শোনালে এক প্রহরেই !

যদি যাবেই, অনিন্দ্যা
ভোরের আকাশে কেন উড়িয়েছিলে সোনালী আঁচল
চোখের বিলিকে কেন ধাঁধালে আমার চোখ,
আমার যে সব শূন্য হয়ে গেছে
পড়ে আছে নিঃসঙ্গ শয্যা
এক কোণে বিফল সিথান ।

এখন যে ফুরায় দিন এক নিঃশ্বাসেই
দীর্ঘ হতে থাকে এক একটি রাত,
কিছুতে কাটেনা জীবন ।

আমি যে এক প্রহরের স্বপ্ন বুকে নিয়ে
হেঁটে যাই বিস্তীর্ণ ছায়াপথ,
হেঁটে যাই, হেঁটে যাই
তবু যে ফুরায় না পথ
ফুরায় না শ্রাবণের অবোঁর বর্ষণ ।

হৃদয়ের রক্তে ফোটে উষ্ণ গোলাপ,
কাকে দেবো, কেউ নাই, কোথাও কেউ নাই
বিষ কাঁটার যন্ত্রণা নিয়ে
সারা পৃথিবীতে জেগে আছি একেলা আমি
নিব্বুম রাত কাটছে একসাথে ।

তুমি নাই, অনিন্দ্যা

পৃথিবীটা তাই ফিরে গেছে নিঃশব্দে নিঃসঙ্গ বিবরে ।